

## প্রি-কিন্ডারগার্টেনের জন্য অ্যাট হোম লার্নিং প্ল্যান

প্রি-কিন্ডারগার্টেনের শিক্ষার্থীদের বাড়িতে বিভিন্ন ক্রিয়াকলাপে ব্যস্ত রাখতে হবে। পরিবারের জন্য তাদের প্রি-কিন্ডারগার্টেনের বাচ্চাদের পড়ানো এবং তাদের সঙ্গে কথা বলা সবচেয়ে গুরুত্বপূর্ণ। আমাদের কনিষ্ঠ শিক্ষার্থীদের শিক্ষা অব্যাহত রাখতে সহায়তা করার জন্য অনুগ্রহ করে নিচের উপকরণগুলো ব্যবহার করুন:

- **প্রি-কিন্ডারগার্টেন লেসন প্যাকেট:** এই দৈনন্দিন সাফরতার পাঠগুলোর মধ্যে একটি ভিডিও, একটি অধ্যয়ন এবং অন্যান্য ক্রিয়াকলাপ অন্তর্ভুক্ত রয়েছে। প্যাকেটগুলো ডিস্ট্রিক্টের ওয়েবসাইটে এবং বিতরণের সাইটগুলোতে পাওয়া যাবে।
- **রেডি রোজি হেলথ অ্যাট হোম:** ঘরে সুস্থ থাকতে সহায়তা করতে এই ছোট ভিডিওগুলো দেখুন। এই লিঙ্কটিতে সংক্ষিপ্ত ভিডিও অন্তর্ভুক্ত রয়েছে যেগুলোতে শিশুদের সঠিকভাবে হাত ধোয়ার পদ্ধতি এবং কখন পিতামাতার সন্তানদের ডাক্তারের কাছে নিয়ে যাওয়া উচিত ব্যাখ্যা করা হয়েছে।
- UNICEF এর সৌজন্যে [ABCMouse.com](http://ABCmouse.com) বিভিন্ন বিষয়, যেমন গণিত, বিজ্ঞান ও শিল্প বিষয়ে তাদের পাঠগুলো বিনামূল্যে সরবরাহ করছে। আপনাকে শুধু [ABCMouse.com/redeem](http://ABCMouse.com/redeem) এ গিয়ে কোড "AOFUNICEF" টাইপ করতে হবে।
- **স্ক্রাস্টিক লার্ন অ্যাট হোম**ও বিনামূল্যে তাদের পাঠগুলো সরবরাহ করছে। আপনি প্রি-কিন্ডারগার্টেন এবং ৬+ গ্রেড পর্যন্ত গ্রেডের জন্য ক্রিয়াকলাপ বেছে নিতে পারবেন। এর মধ্যে রয়েছে বাচ্চারা পড়তে পারবে এমন ইবুক এবং তাদের "দেখা ও শেখা লাইব্রেরি" এর অধীন শিক্ষামূলক ভিডিও।
- প্রি-কিন্ডারগার্টেন উইকলি ডিসট্যান্স লার্নিং হচ্ছে শিক্ষার্থীদের বাড়িতে থাকার সময় অর্থবহ শেখার অভিজ্ঞতায় নিযুক্ত করার জন্য একটি DPSCD অনলাইন লিঙ্ক।

Commented [NE1]: Link to where the lesson packets will be.

দিনের সময়	ক্রিয়াকলাপ	বিবরণ
৭:৩০-৯:০০	সকালের নাস্তা ও মুক্ত খেলাধুলা	আপনার সন্তান একটি সাধারণ স্কুল দিবসের মত খাবার খেয়ে প্রস্তুত হবে।
৯:০০-৯:১০	মনোযোগ সংক্রান্ত ক্রিয়াকলাপ	দিনের পরবর্তী সময়ে আপনারা কী করবেন সেদিকে আপনার সন্তানের মনোযোগ আকৃষ্ট করুন। ধাঁধা, বই, জার্নাল এবং ছোট খেলনা অনুসন্ধান করতে দিন। প্রতিদিন তাদের নাম লেখা অনুশীলন করান। শুরুতে একটি মডেল ব্যবহার করে এতে তাদের সহায়তা করুন এবং আস্তে আস্তে তাদের পুরো নিয়ন্ত্রণ নিতে দিন। ক্রেয়ন, মার্কার, পেন্সিল, পেইন্ট ব্রাশ ইত্যাদি ব্যবহার করুন। সবকিছু একত্রে ব্যবহার করুন!
৯:১০-৯:২০	দৈনিক সাফরতার ভিডিও	<a href="http://www.detroitk12.org/youtube">www.detroitk12.org/youtube</a> ঠিকানায় আপনার সন্তানের সঙ্গে অনুশীলন ভিডিওটি দেখুন।

৯:২০-১০:১০	দৈনিক সাক্ষরতার পাঠ (প্রি-কিন্ডারগার্টেনের লেসন প্যাকেট থেকে)	পাঠে বর্ণিত পড়া, চিন্তা করা, কথা বলা, কাজ করা এবং সমাপ্ত করা ক্রিয়াকলাপগুলো সম্পূর্ণ করুন।
১০:১০-১০:২৫	পছন্দ করার সময়	এটি সেই সময় যখন আপনি আপনার শিশু কোন্ খেলনা নিয়ে খেলতে চায় তাকে তা বেছে নিতে দেবেন। তাদের যেভাবে তারা পছন্দ করে সেভাবে খেলার অনুমতি দিন (যতক্ষণ এটি নিরাপদ থাকে)। কিন্তু এই সময় আপনিও তাদের সঙ্গে খেলুন। তাদের নেতৃত্ব অনুসরণ করুন, যোগদান করুন, তাদের খেলার অংশীদার হোন। নিয়ন্ত্রণ নেবেন না। একত্রে খেলুন। তারপরে আপনি কী করেছেন এবং কী উপভোগ করেছেন সে সম্পর্কে কথা বলুন। এটি বন্ধন তৈরির এবং শেখার সময়।
১০:২৫-১০:৪০	পরিষ্কার হওয়া, হাত ধোয়া এবং নাস্তা করা	জিনিসগুলো যথাস্থানে রেখে আপনি ও আপনার সন্তান একত্রে পরিষ্কার হয়ে নিন। আপনার সন্তানকে হাত ধোয়ার সঠিক কৌশল এবং স্বাস্থ্যকর অভ্যাসের গুরুত্ব সম্পর্কে স্মরণ করিয়ে দেয়ার জন্য এটি একটি ভাল সময়। খেতে খেতে আপনার সন্তানের সঙ্গে কথা বলুন। তাদের কথোপকথনের নেতৃত্ব নিতে দিন এবং ভাল শ্রবণ ও কথোপকথন কৌশলের আদর্শ হোন।
১০:৪০-১১:০০	উদ্দেশ্যমূলক শিক্ষাদানের সময়	এবার আপনি একটি সাক্ষরতা বা গণিতের ক্রিয়াকলাপ বেছে নেবেন।
১১:০০-১১:৩০	আউটডোর/সামগ্রিক সক্রিয়তার সময়	এই সময়টি নড়াচড়ার জন্য। পরিবেশ অনুকূল থাকলে বাইরে হলে ভাল হয়: দৌড়, লাফানো, ট্রাইসাইকেল চালানো, নিক্ষেপ করা, ধরা – যা কিছু আপনার বাচ্চাকে নড়াচড়া করাবে। যদি বাইরে যাওয়ার কোন উপায় না থাকে, তাহলে আপনার বাড়িতে এমন একটি জায়গা সন্ধান করার চেষ্টা করুন যেখানে আপনার সন্তান আসলেই নড়াচড়া করতে পারবে। নিরাপদ স্থান তৈরি করতে আপনাকে আসবাবপত্র পাশে সরিয়ে নিতে হতে পারে।
১১:৩০-১১:৫০	জোরে – পড়া	পড়ুন!! আপনার বাড়িতে থাকা বইগুলো ব্যবহার করুন। এমন অনেক বই রয়েছে যা আপনি ডাউনলোড করতে

পারবেন অথবা ইউটিউব বা অনলাইনে বিনামূল্যে দেখতে পারবেন। আপনি যা পড়েছেন সে সম্পর্কে কথা বলতে এবং ঐ সাহিত্যের সঙ্গে মিথস্ক্রিয়া করতে ভুলবেন না। অভিনয় করে দেখান। গল্পটি আবার বলার জন্য আপনার বাড়িতে থাকা পুতুল এবং অ্যাকশন ফিগারগুলো ব্যবহার করুন। আপনার জার্নালে এটি সম্পর্কে লিখুন বা আঁকুন। সবচেয়ে বড় কথা হলো - গল্পটি যতটা সম্ভব উপভোগ করুন।

১১:৫০-১২:০৫

উদ্দেশ্যমূলক শিক্ষাদানের সময়  
পর্ব ২

এবার আপনি অন্য একটি সাক্ষরতা বা গণিতের  
ক্রিয়াকলাপ বেছে নেবেন।

১২:০৫-১২:৩০

সংগীত ও নড়াচড়ার সময়

এটি গান গাওয়া এবং নাচের জন্য চমৎকার সময়। আপনার  
সন্তানকে নেতৃত্ব দিতে দিন এবং তাদের পছন্দমতো নড়াচড়া  
করুন। হয়তো আপনার সন্তান আপনাকে এমন কিছু গান  
শেখাবে যা তারা কুলে শিখেছে। একটি চলমান তালিকা রাখুন  
যাতে আপনি দেখতে পান যে আপনি কতগুলো গান গাইতে  
পারেন।

১২:৩০-১:০০

দুপুরের খাবার এবং দিনের  
পর্যালোচনা

আপনারা আজ যা করেছেন তা নিয়ে আপনার সন্তানের  
সঙ্গে কথা বলুন। আপনারা দিনটিতে কী উপভোগ করেছেন  
এবং আগামীকাল কিসের প্রতিশ্রুতি করছেন তা বলুন। পরবর্তী  
উদ্দেশ্যমূলক শিক্ষাদানের সময়ের জন্য ক্রিয়াকলাপ পছন্দ  
করার ক্ষেত্রে এই তথ্য আপনাকে সহায়তা করতে পারে।